



"ন্যায়বিচারের স্বার্থে" খারিজ বা শাস্তি হ্রাসের পক্ষে যুক্তি

আইনটি কী বলে:

OATH-এর শুনানি বিভাগে বিচারাধীন মামলার ক্ষেত্রে, যখন কোনও ব্যক্তি কোনও আইন, নিয়ম বা প্রবিধানের "লঙ্ঘন" করে, তখন যে শাস্তি দেওয়া হয় তা আইন দ্বারা নির্ধারিত হয়। তবে, কিছু ক্ষেত্রে, একজন ব্যক্তি "ন্যায়বিচারের স্বার্থে" শাস্তি হ্রাসের পক্ষে যুক্তি দিতে পারে, যদিও সেই ব্যক্তি আইন, নিয়ম বা প্রবিধান "লঙ্ঘন" করেছে বলে প্রমাণিত হয়।

NYC আইনের অধীনে, যথাযথ "ন্যায়বিচারের স্বার্থে" যুক্তি উপস্থাপন করা হলে, একজন শুনানি কর্মকর্তা সেই যুক্তি গ্রহণ করার সিদ্ধান্ত নিতে পারেন যদি তিনি (1) বিশ্বাস করেন যে এক বা একাধিক বিবেচ্য বিষয় বা পরিস্থিতির ভিত্তিতে কম শাস্তি প্রদান উপযুক্ত যা (2) "সম্পূর্ণভাবে প্রমাণ করে" যে পূর্ণ শাস্তি আরোপ করা হলে "অন্যায় হবে বা অন্যায়ের পরিস্থিতি তৈরি হবে।" **দ্রষ্টব্য:** এমনকি যদি আপনি কোনও অভিযোগ স্বীকার করেন, তাসত্ত্বেও একজন শুনানি কর্মকর্তা বিবেচনা করতে পারেন যে আইন দ্বারা নির্ধারিত শাস্তি উপযুক্ত কিনা।

কখন সেই যুক্তি উপস্থাপন করা যেতে পারে:

"ন্যায়বিচারের স্বার্থে" যুক্তি শুধুমাত্র নিম্নলিখিত ক্ষেত্রে সীমাবদ্ধ:

- যেসব ক্ষেত্রে কমিউনিটি সার্ভিস হলো একটি সম্ভাব্য শাস্তি;
- ট্যাক্সি এবং লিমোজিন কমিশন ("TLC") দ্বারা আনীত সব মামলার ক্ষেত্রে না হলেও অধিকাংশ ক্ষেত্রে।

"কমিউনিটি সার্ভিস"-এর ক্ষেত্রগুলিতে:

যেসব ক্ষেত্রে কমিউনিটি সার্ভিস একটি সম্ভাব্য শাস্তি, সেখানে আপনার কাছে "ন্যায়বিচারের স্বার্থে" সমন খারিজ করার জন্য যুক্তি দেওয়ার বিকল্প রয়েছে।

নির্দিষ্ট কিছু TLC-এর ক্ষেত্রগুলিতে:

"ন্যায়বিচারের স্বার্থে"-এ শাস্তি হ্রাস করার জন্য আপনার যুক্তি উপস্থাপন করার বিকল্প আছে।

"ন্যায়বিচারের স্বার্থে" সম্পর্কে কীভাবে আলোচনা করবেন:

আপনার শুনানিতে আপনি শুনানি কর্মকর্তার কাছে যুক্তি উপস্থাপন করতে পারেন। যখন কোনও উপযুক্ত মামলায় যুক্তি উপস্থাপন করা হয়, তখন শুনানি কর্মকর্তা নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করবেন:

- লঙ্ঘনের(গুলি) অভিযোগের গুরুত্ব এবং পরিস্থিতি;
- লঙ্ঘনের(গুলি) অভিযোগের কারণে সৃষ্ট ক্ষতির পরিমাণ;
- লঙ্ঘনের(গুলি) অভিযোগ সমর্থন বা বিরোধিতা করা প্রমাণ;
- লঙ্ঘনের(গুলি) অভিযোগে অভিযুক্ত ব্যক্তির ইতিহাস, চরিত্র এবং অবস্থা;
- লঙ্ঘনের(গুলি) অভিযোগে অভিযুক্ত ব্যক্তির উপর শাস্তি আরোপের উদ্দেশ্য এবং প্রভাব;
- কমিউনিটির নিরাপত্তা বা কল্যাণের উপর খারিজ করা বা শাস্তি হ্রাসের প্রভাব;
- সমন জারিকারী সংস্থার (TLC মামলার জন্য), আদালত ব্যবস্থার উপর এবং আইন প্রয়োগের ক্ষেত্রে জনসাধারণের আস্থার উপর খারিজ করার বা শাস্তি হ্রাসের প্রভাব;
- প্রস্তাবিত খারিজ বা জরিমানা হ্রাসের বিষয়ে সমন জারিকারী সংস্থার (NYPD, TLC, ইত্যাদি) অবস্থান, (1) বিবাদীর নির্দিষ্ট পরিস্থিতি এবং (2) অভিযুক্ত লঙ্ঘনের প্রসঙ্গে।

- (TLC মামলার জন্য) জরিমানা আরোপের সিদ্ধান্ত বা লঙ্ঘন বহাল রাখার সিদ্ধান্ত কার্যকর উদ্দেশ্য সাধন করবে কিনা তা নির্দেশ করে এমন অন্য কোনও প্রাসঙ্গিক তথ্য।

দ্রষ্টব্য: যদি আপনাকে "ন্যায়বিচারের স্বার্থ" মামলায় জরিমানা হ্রাস বা খারিজ মঞ্জুর করা হয় তাহলে **তার অর্থ এই নয় যে মামলাটি শেষ হয়ে গেছে**। যদি আপনার মামলাটি এমন হয় যেখানে কমিউনিটি সার্ভিস একটি সম্ভাব্য জরিমানা, তাহলে যে বলবৎকারী সংস্থা সমান জরি করেচে সেটির কাছে "ন্যায়বিচারের স্বার্থ" মামলা খারিজের বিরুদ্ধে আপিল করার জন্য শুনানি কর্মকর্তার সিদ্ধান্তের তারিখ থেকে 35 দিন সময় থাকবে। যদি আপনার মামলা TLC সংক্রান্ত হয়, তাহলে TLC-এর কাছে "ন্যায়বিচারের স্বার্থে" শাস্তি হ্রাস অনুমোদন করার জন্য, অথবা সমনের সামনের অংশে উল্লিখিত "ন্যূনতম জরিমানা" পর্যন্ত শাস্তির পরিমাণ বৃদ্ধি করার জন্য 20 দিন সময় থাকে।

আরও সহায়তার জন্য, OATH-এর যেকোনও অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত ব্যক্তিগত উপস্থিতিতে, টেলিফোনের মাধ্যমে (212) 436-0845 নম্বরে, বা Manhelpcenter@oath.nyc.gov এ ইমেলের মাধ্যমে OATH হেল্প সেন্টারে যোগাযোগ করুন।

Bronx

260 E.161st Street, 6th FL
Bronx, NY 10451

Brooklyn

9 Bond Street, 7th FL
Brooklyn, NY 11201

Manhattan

66 John Street, 10th FL
New York, NY 10038

Queens

31-00 47th Avenue, 3rd FL
Long Island City, NY 11101

Staten Island

350 St. Marks Place, Main FL
Staten Island, NY 10301